গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা-৩ শাখা

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য উৎস থেকে মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ ও আইসিটি ল্যাব স্থাপন অন্যান্য বিষয়ে সমন্বয় সাধনের জন্য রূপরেখা চূড়ান্ত করার জন্য গঠিত কমিটির কার্যক্রম সংক্রান্ত।

সভাপতি	কাজী মনিরুল ইসলাম অতিরিক্ত সচিব
সভার তারিখ	৩১/০১/২০২১ খ্রিস্টাব্দ।
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা।
স্থান	সভাকক্ষ
উপস্থিতি	সংযুক্তি-ক।

১.০ আলোচনা

১.১ সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা) সভা আহবানের প্রেক্ষাপট তুলে ধরেন। সভাকে জানানো হয় যে, বাংলাদেশে মাধ্যমিক পর্যায়ে প্রধানত তিন ধারার শিক্ষা প্রচলিত আছে। এগুলো হলো- সাধারণ শিক্ষা, মাদ্রাসা শিক্ষা, কারিগরি শিক্ষা। মাধ্যমিক পর্যায়ে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের তুলনায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বেশী শিক্ষার্থী অধ্যায়ন করে থাকে। এ সংখ্যা প্রায় ৯৩.৬৯%। সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পাশপাশি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনায় সরকার নানা সহায়তা, যেমন অবকাঠামো নির্মাণ, শিক্ষা উপকরণ, পাঠ্যপুস্তক, আইসিটি সামগ্রী সরবরাহ, মাল্টিমিডিয়া ক্লাসরুম ও আইসিটি ল্যাব স্থাপন করে থাকে। এছাড়া বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতাদিও প্রদান করে থাকে। সরকারি প্রতিষ্ঠানে অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট নকশা অনুসরণ করা হয়ে থাকে। জাতীয় শিক্ষানীতি ২০১০ শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১:৪০ হওয়া আবশ্যক। সরকার প্রতিটি শিক্ষার্থীর জন্য ন্যুনতম একটি সমান ও ন্যায়সঙ্গত সুযোগ-সুবিধা সৃষ্টিতে বদ্ধ পরিকর। এসকল সহায়তা রাজস্ব বাজেট ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। এছাড়া বিভিন্ন উৎস থেকে, যেমন আইসিটি বিভাগ কর্তৃক এ বিভাগের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ল্যাব স্থাপন করা হচ্ছে। অনেক ক্ষেত্রেই এ সকল কাজের নকশাগত সাযুজ্য রক্ষা করা হয় না। ফলে সম্পদের সুষম বন্টন ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা যাচ্ছে না।

১.২ এ প্রেক্ষাপটে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য উৎস থেকে অবকাঠামো নির্মাণ, মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ ও আইসিটি ল্যাব স্থাপন এবং মেরামত ও সংরক্ষণ বিষয়ে সমন্বয় সাধনের জন্য একটি রূপরেখা প্রণয়নের নিমিত্ত গত ২৫/০১/২০২১ খ্রিস্টাব্দে এ বিভাগ হতে নিম্নরূপ কমিটি গঠন করা হয় :

নং	কমিটির সদস্য	অবস্থান
০১	অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	আহবায়ক
০২	প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	সদস্য
০৩	প্রতিনিধি, ইনস্টিউট অব এডুকেশন এন্ড রিসার্চ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
০৪	ই লানিং স্পেশালিস্ট, এটুআইপ্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য

০৫	প্রতিনিধিইনস্টিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়	সদস্য
০৬	প্রকল্প পরিচালক, সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প, মাউশি অধিদপ্তর	সদস্য
০৭	প্রকল্প পরিচালক, সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন প্রকল্প, মাউশি অধিদপ্তর	সদস্য
০৮	প্রকল্প পরিচালক, ০৯টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, মাউশি অধিদপ্তর	সদস্য
০৯	প্রকল্প পরিচালক, ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, মাউশি অধিদপ্তর	সদস্য
১০	প্রকল্প পরিচালক, আই.সি.টি.'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়)প্রকল্প, মাউশি অধিদপ্তর	সদস্য
১১	প্রতিনিধি, ভিকারুন্নেসা নুন স্কুল এন্ড কলেজ/মোহাম্মপুর মডেল স্কুল এন্ড কলেজ/রেসিডেন্সিয়ালমডেল স্কুল এন্ড কলেজ	সদস্য
১২	সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য
১৩	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	সদস্য সচিব

১.৩ সভায় আরও আলোচনা হয় যে, এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পে নিম্নরূপ আইসিটি সামগ্রী সরবরাহের সংস্থান রয়েছে:

নং	প্রকল্পের নাম	ডিপিপি সংস্থান
০১	আই.সি.টি.'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়)"	মাল্টিমিডিয়া ক্লাসরুম ৪৬৩৪০টি স্মার্ট ক্লাসরুম ২১২০টি
০২	সরকারি কলেজসমূহেবিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ	মাল্টিমিডিয়া ক্লাসরুম ১৯৩২টি ল্যাংগুয়েজ কাম আইসিটি ল্যাব ২০০টি
০৩	সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন	মাল্টিমিডিয়া ক্লাসরুম ৪৬৫৩টি আইসিটি ল্যাব ৩২৩টি
০৪	ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন	মাল্টিমিডিয়া ক্লাসরুম ৩০০টি, স্মার্ট ক্লাসরুম ৫০টি, আইসিটি ল্যাব ৫০টি
০৫	০৯টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন	মাল্টিমিডিয়া ক্লাসরুম ৯০টি আইসিটি ল্যাব ১৮টি
০৬	তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সহায়তায়র নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন	আইসিটি ল্যাব-১৬১০টি
০৭	শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে জেলা সদরে অবস্থিত সরকারি পোস্ট গ্রাজুয়েট কলেজসমূহের উন্নয়ন (২য় সংশোধিত)	আইসিটি ল্যাব-৭০টি

১.৪ শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি সামগ্রী তথা-মাল্টিমিডিয়া ক্লাস ও আইসিটি ল্যাবে কম্পিউটার সামগ্রী সংস্থানের বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর সভাপতিত্ব গত ২৯/০৯/২০২০ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় "আই.সি.টি.'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় যে, (১) প্রকল্পের আওতায় ল্যাপটপ ক্রয়ের সংস্থান বাদ দেওয়া হবে। নির্বাচিত প্রতিটি শ্রেণিকক্ষে একটি ডেস্কটপ কম্পিউটার, ইউপিএস, মাল্টিমিডিয়া প্রজেক্টর, স্ক্রীন, ইন্টারনেট মডেম, ওয়েবক্যাম এবং স্পিকার দিতে হবে। নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে একটি করে প্রিন্টার ও স্ক্যানার সরবরাহ করতে হবে। (২) নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের স্মার্ট শ্রেণিকক্ষে স্মার্ট টিভি সরবরাহ করা যায় কি না তা পরীক্ষা করে দেখতে হবে। এ প্রেক্ষাপটে এ বিভাগের অন্যান্য প্রকল্পসহ সকল উৎস থেকে প্রাপ্ত/প্রাপ্য মাল্টিমিডিয়া ক্লাসরুম ও আইসিটি ল্যাব এর একটি সাযুজ্য (Uniformity) নিশ্চিত করা প্রয়োজন।

১.৫ সভাপতি বলেন যে, বিভিন্ন প্রকল্পের আওতায় নবনির্মিত একাডেমিক ভবনের ক্লাসরুমে জাতীয় শিক্ষানীতি ২০১০ এর লক্ষ্যমাত্রার চেয়ে অনেক বেশী শিক্ষার্থী বসার সংস্থান করা হচ্ছে। এছাড়া বেঞ্চের সাইজ একেক প্রকল্পে একক ধরণের। নবসৃষ্ট সকল ভবনে প্রয়োজনীয় সংখ্যক ওয়াশ ব্লক/টয়লেট ব্লক তৈরী করা হচ্ছে। কিন্তু অনেক ক্ষেত্রেই প্রতিষ্ঠানসমূহ পরিস্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান হতে যথাযথ উদ্যোগের ঘাটতি পরিলক্ষিত হচ্ছে। যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশ ব্লক নেই/তৈরীর মত স্থান নেই সে সমস্ত প্রতিষ্ঠানে করণীয় নির্ধারণ করা প্রয়োজন। শ্রেণিকক্ষ, সিড়ি, ল্যাবরেটরি, ওয়াস ব্লক/টয়লেটসহ শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য শিক্ষার্থীদের সম্পৃক্ত করা প্রয়োজন। এছাড়া প্রকল্পের আওতায় সরবরাহকৃত আইসিটি/কম্পিউটার ও বৈজ্ঞানিক সামগ্রী শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে মেরামত ও সংরক্ষণের অভাবে অকেজো হয়ে অব্যবহৃত অবস্থায় পড়ে থাকে। এ সকল উপকরণের কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য তা প্রতিষ্ঠান পর্যায়ে নিয়মিত মেরামত ও সংরক্ষণ করার প্রচলিত নীতিমালা হালনাগাদ করা প্রয়োজন। এ সকল বিষয়ে ওয়ার্কিং গ্রুপ গঠন করে পরবর্তী সভায় তাদের প্রস্তাবনা উপস্থাপন ও পর্যালোচনার সিদ্ধান্ত হয়। এ লক্ষ্যে বিদ্যালয়ের সার্বজনীনন নকশা, ল্যাবের অবয়র, মাল্টি মিডিয়া ক্লাসরুম ও আইসিটি ল্যাবের হার্ডওয়্যারের তালিকা ও স্থুল বিনির্দেশক প্রস্তুত করা হবে। এটি চলমান প্রকল্পে তা প্রতিফলনসহ ভবিষ্যতে এ জাতীয় উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নকে সহজতর করবে।

২.০ সিদ্ধান্ত

আলোচ্য বিষয়ে করণীয় নির্ধারণে প্রস্তাবনা প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপ ০৩টি working গ্রুপ গঠন করা হলো:

২.১ শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম ও আইসিটি/কম্পিউটার ল্যাব এর সরঞ্জামাদি/হার্ডওয়্যারের তালিকা তৈরী:

নং	নাম, পদবী ও দপ্তর	অবস্থান
০১	সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়	আহবায়ক
০২	প্রকল্প পরিচালক, "আই.সি.টি.'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়)"	সদস্য
০৩	ই-লার্নিং স্পেশালিস্ট, এটুআই প্রকল্প, প্রদানমন্ত্রীর কার্যালয়	
০৪	জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	সদস্য
০৫	উপপরিচালক (প্রোগাম), সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ), শিক্ষা ভবন, ঢাকা।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

(ক) মাননীয় মন্ত্রী ও উপমন্ত্রী-এর নির্দেশনার আলোকে বিভিন্ন প্রকল্পের সংস্থান আমলে নিয়ে তা সমন্বয় সাধনের জন্য সকল মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ ও আইসিটি ল্যাবের জন্য একক প্রকৃতির আইসিটি সামগ্রীর তালিকা শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহারের উপযোগিতা, বাজার মূল্য, কারিগরি দিক, টেকসই ইত্যাদি বিবেচনা করে প্রস্তুত করবেন;

(খ) বাস্তবায়নযোগ্য মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ ও আইসিটি ল্যাবের রূপরেখা আগামী সভায় উপস্থাপন করবেন।

(গ) বিবিধ।

২.২ নির্মাণ ও পূর্ত কাজ:

নং	নাম, পদবী ও দপ্তর	অবস্থান
০১	প্রকল্প পরিচালক, সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন প্রকল্প, মাউশি অধিদপ্তর	আহবায়ক
০২	প্রকল্প পরিচালক, সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প, মাউশি অধিদপ্তর	সদস্য
০৩	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	সদস্য
০৪	প্রতিনিধি, রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, মোহাম্মদপুর, ঢাকা।	সদস্য
০৫	প্রকল্প পরিচালক, ০৯টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, মাউশি অধিদপ্তর	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

(ক) ক্লাসরুম এলাকা ও আকৃতি নির্ধারণ ও পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা নিশ্চিতে করণীয় নির্ধারণ;

(খ) বেঞ্চ, বোর্ড, চৌকি, টেবিল, লাইটিং ও ফ্যান ইত্যাদি এর সাইজ, পরিমাণ ও সংখ্যা নির্ধারণ;

(গ) শিক্ষক কমনরুমে সকল শিক্ষক/শিক্ষিকার জন্য ওয়ার্ক স্টেশন তৈরীর উপায় নির্ধারণ;

(ঘ) যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশ ব্লক নেই/তৈরীর মত স্থান নেই সে সমস্ত প্রতিষ্ঠানে করণীয় নির্ধারণ;

(ঙ) বিবিধ।

২.৩ মেরামত সংরক্ষণ ও পরিস্কার পরিচ্ছন্নতা:

নং	নাম, পদবী ও দপ্তর	অবস্থান
০১	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	আহবায়ক
০২	প্রকল্প পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সহায়তায়র নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন	সদস্য
০৩	প্রতিনিধ, মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা।	সদস্য
০৪	প্রকল্প পরিচালক, ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, মাউশি অধিদপ্তর	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

(ক) বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত আইসিটি সামগ্রি, বৈজ্ঞানিক সরঞ্জামাদি, অফিস সরঞ্জামাদির কার্যকর ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে তা প্রতিষ্ঠান পর্যায়ে নিয়মিত মেরামত ও সংরক্ষণ করার জন্য প্রচলিত নীতিমালার হালনাগাদকরণ;

(খ) শ্রেণিকক্ষ, সিড়ি, ল্যাবরেটরি, ওয়াস ব্লক/টয়লেটসহ শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য করণীয় নির্ধারণ;

(গ) পর্যাপ্ত বৃক্ষ রোপন ও গার্ডেনিং এর মাধ্যমে সবুজ ক্যাম্পাস নিশ্চিত করার উপায় নিরূপন;

(ঘ) বিবিধ।

২.৪ আগামী সভায় উপর্যুক্ত ওয়ার্কিং গ্রুপ তাদের প্রস্তাবনা উপস্থাপন করবেন। আগামী এক সপ্তাহের মধ্যে পরবর্তী সভা আহবান করা হবে।

৩.০ সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তির ঘোষণা করেন।

কাজী মনিরুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.১২৩.১৪.০০৩.২১.১৬ তারিখ: ১ ফাল্গুন ১৪২৭

১৪ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

২) পরিচালক, ইনস্টিউট অব এডুকেশন এন্ড রিসার্চ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৩) পরিচালক, ইনস্টিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৪) ই-লানিং স্পেশালিস্ট, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়।

৫) প্রকল্প পরিচালক, সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা।

৬) প্রকল্প পরিচালক, সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা।

৭) প্রকল্প পরিচালক, ০৯টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা।

৮) পরিচালক , পরিকল্পনা ও উন্নয়ন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৯) প্রকল্প পরিচালক, আই.সি.টি.'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়) প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা।

১০) প্রকল্প পরিচালক,, ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা।

১১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪) অধ্যক্ষ, ভিকারুন্নেসা নুন স্কুল এন্ড কলেজ/মোহাম্মপুর মডেল স্কুল এন্ড কলেজ/রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ।

১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব